NYU SoM IRB APPROVED

DREAM Project

## What is the DREAM Project?

*The Diabetes Research Education and Action for Minorities (DREAM) Project is a five year project under NYU Langone Medical Center for the Study of Asian American Health. The project offers a free six-month educational program for Bangladeshis with diabetes, taught by Community Health Workers (CHWs), who are Bangladeshi community members trained on the complications of diabetes.*

### What are the benefits of participating in the study?

*We are collecting information to see if a community health worker and health education sessions will help individuals like you to manage diabetes. If you are eligible to participate, you will be assigned to one of two study groups by a computer. This will be random and assigned by chance, as if by flipping a coin.*

*If you are assigned to the group that receives the education sessions right away, you will:*

- *Attend 5 monthly educational workshops*
- *Receive follow up calls and 2 personal visits from the CHW.*
- *You will be asked to complete an interview during three of the group sessions. At these sessions, your blood pressure, height, weight and waist will also be measured. We will also contact you one year after the study to complete another survey and see how you are doing.*
- *In addition, we will be working with your primary care clinic to monitor your HbA1c and lipid levels. This information will be obtained from your patient files.*

*If you are assigned to the group that receives the education sessions at a later date, you will:*

- *You will receive an orientation session and educational materials from the CHW to help you be informed about diabetes. You will also be asked to complete an interview at that time.*
- *After 3 months, the CHW will ask you to respond to another survey, as well after 6 months. At this time your blood pressure, height, weight, and waist will also be measured.*
- *In addition, we will be working with your primary care clinic to monitor your HbA1c and lipid levels. This information will be obtained from your patient files.*
- *Because we want to make sure to give all of participants our full attention, you will be eligible to participate in the full program after 6 months.*

### Are you a doctor or a nurse? Do you [CHW] have training or are you certified?

*Community health workers are not doctors or nurses. They were trained to provide information about diabetes and health. They can also ensure culturally appropriate service to you and the community. They serve as a bridge between you and your healthcare provider*

### I don't understand why there are two groups.

*We want to make sure that we give all of our participants enough time and attention to help them manage their diabetes. For this reason, we have a wait-list and those participants will be eligible to be part of the program in 6 months.*

### How much does it cost me to participate?

*There is no cost to you to participate. You or your insurance company will be charged or held responsible for the costs of your routine care (the care you would have received if you were not in this study). In exchange for your time, we will be providing Metrocards to and from each session, as well as a small gift.*

### I'm interested. How do I participate?

*If you are eligible to participate, you will be contacted by one of the DREAM project staff members and invited to attend the next session. At that time, we will go over a consent form with you to explain the study in more detail and obtain your permission to participate.*

### What if I sign up but want to stop the program later?

*Participation is completely voluntary. However, we advise that participants attend all of the sessions to be able to receive as much help managing their diabetes as possible.*

### Why are you focusing on Bangladeshis?

*Our studies have found that 1 out of 4 Bangladeshis in NYC have diabetes. Diabetes is a disease that can be managed – you can lead a healthy, happy life by making some simple changes in your life. Despite our high rates –little has been researched or implemented to address these high rates. The DREAM project is the first study in the U.S. that focuses on the Bangladeshi population.*

NYU SoM
IRB APPROVED

DREAM Project

DREAM Project

# ড্রীম প্রজেক্ট

ডায়বেটিস রিসার্চ এডুকেশন অ্যান্ড এ্যাকশন ফর মইনরিটিস (ড্রীম) প্রজেক্ট হল নিউইয়র্ক ইউনিভার্সিটি ল্যাংগোন মেডিক্যাল সেন্টার ফর দি স্টাডি অফ এশিয়ান আমেরিকান হেল্থ এর অধীনে একটি পাঁচ বছর মেয়াদী প্রজেক্ট। এই প্রজেক্ট ডায়বেটিস রোগের উপর প্রশিক্ষিত বাংলাদেশী কমিউনিটি স্বাস্থ্য কর্মী দিয়ে বাংলাদেশী ডায়বেটিস রোগীদের ৬ মাস ব্যাপী ফ্রি শিক্ষা প্রদান করে।

## এই শিক্ষায় অংশগ্রহণের সুবিধাগুলো কি?

আমরা তথ্য সংগ্রহ করে দেখতে চাই যে কমিউনিটি স্বাস্থ্য কর্মী এবং স্বাস্থ্য শিক্ষা আপনাদের ডায়বেটিস নিয়ন্ত্রণে সাহায্য করে কিনা। আপনি যদি এই শিক্ষায় অংশ নিতে যোগ্য হন, তাহলে আপনাকে দুটো শিক্ষা গ্রুপের যেকোনো একটিতে অংশ নিতে বলা হবে। এটা পুরোপুরি লটারির মতই, নিশ্চিত করে বলা যায়না কোনটাতে আপনি অংশ নিতে বিবেচিত হবেন।

যে গ্রুপ তাৎক্ষনিক শিক্ষার জন্য নির্ধারিত, আপনি যদি ঐ গ্রুপের জন্য বিবেচিত হন, তাহলে আপনিঃ

- পাঁচ মাসে পাঁচটি শিক্ষামূলক ক্লাসে উপস্থিত থাকবেন।
- কমিউনিটি স্বাস্থ্য কর্মী আপনাকে ফোন করবেন এবং দুইবার আপনার সাথে আলাদা করে দেখা করবেন।
- আপনাদের গ্রুপ সেশনের ৩ টিতে আপনাকে সাক্ষাৎকার দিতে হবে। এই সেশন গুলোতে আপনার ব্লাড প্রেশার, উচ্চতা, ওজন এবং কোমরের মাপ নেয়া হবে। আমরা এক বছর পর আবারও আপনার সাথে যোগাযোগ করব এবং সার্ভে করে দেখব আপনি কেমন করছেন।
- এছাড়া, আমরা আপনার প্রাথমিক চিকিৎসা প্রদানকারী ক্লিনিকের সাথে একযোগে কাজ করে আপনার এইচ বি এ ওয়ান সি এবং লিপিড পর্যবেক্ষণ করব। এই তথ্য আপনার পেশেন্ট ফাইল থেকে সংগ্রহ করা হবে।

যে গ্রুপ পরবর্তীতে শিক্ষার ক্লাসে অংশ নিবে, আপনি যদি ঐ গ্রুপের জন্য নির্বাচিত হন, তাহলেঃ

- আপনি পরিচিতি সেশনে অংশ নিবেন এবং কমিউনিটি স্বাস্থ্য কর্মী আপনাকে স্বাস্থ্য শিক্ষামূলক তথ্য প্রদান করবেন। আপনাকে ঐ সেশনে একটি সাক্ষাৎকার প্রদান করতে হবে।
- ৩ মাস এবং ৬ মাস পর কমিউনিটি স্বাস্থ্য কর্মী আপনার সাথে যোগাযোগ করে সার্ভে করবেন। ঐ সময় আপনার ব্লাড প্রেশার, উচ্চতা, ওজন এবং কোমরের মাপ নেয়া হবে।
- এছাড়া, আমরা আপনার প্রাথমিক চিকিৎসা প্রদানকারী ক্লিনিকের সাথে একযোগে কাজ করে আপনার এইচ বি এ ওয়ান সি এবং লিপিড পর্যবেক্ষণ করব। এই তথ্য আপনার পেশেন্ট ফাইল থেকে সংগ্রহ করা হবে।
- কারণ আমরা সকল অংশগ্রহণকারীদের প্রতি সমান মনোযোগ প্রদান নিশ্চিত করতে চাই। পুরো প্রোগ্রামে ৬ মাস পর আপনি অংশগ্রহণ করতে পারবেন।

## আপনি কি একজন ডাক্তার বা নার্স? আপনার (কমিউনিটি স্বাস্থ্য কর্মী) কি কোন প্রশিক্ষণ বা সার্টিফিকেট আছে?

কমিউনিটি স্বাস্থ্য কর্মীরা ডাক্তার বা নার্স নন। তারা ডায়বেটিস এবং স্বাস্থ্য বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত। তাছাড়া, তারা আপনাকে এবং কমিউনিটিকে যথাযত বাংলাদেশী সংস্কৃতি অনুযায়ী সহায়তা প্রদান করেন। আপনি এবং আপনার স্বাস্থ্য সেবাদানকারীদের (ডাক্তার) মধ্যে তারা সেতু বন্ধনের মত কাজ করেন।

## আমি বুঝিনি এখানে দুটো গ্রুপ কেন?

সকল অংশগ্রহণকারীদের ডায়বেটিস নিয়ন্ত্রণে সাহায্যের জন্য আমরা যথেষ্ট পরিমাণ সময় এবং মনোযোগ প্রদান নিশ্চিত করতে চাই। এই জন্যই আমাদের একটা অপেক্ষমাণ তালিকা আছে এবং ৬ মাস সময়ের মধ্যে ঐ সকল অংশগ্রহণকারীরা অংশ নিতে পারবেন।

## অংশগ্রহণের জন্য আমাকে কত টাকা খরচ করতে হবে?

আপনার অংশগ্রহণে কোন খরচ নেই। আপনার নিয়মিত চিকিৎসার (যে চিকিৎসা আপনি এই শিক্ষায় অংশ গ্রহন না করলেও পেতেন) খরচ আপনি বা আপনার ইনসিওরেন্স কোম্পানি বহন করবে। আপনার মূল্যবান সময় দেবার বিনিময়ে আপনাকে সেশনে আসা- যাওয়ার জন্য মেট্রোকার্ড এবং সামান্য উপহার দেয়া হবে।

## আমি আগ্রহী। কিভাবে অংশগ্রহণ করব?

আপনি যদি অংশগ্রহণের জন্য উপযুক্ত হন, তাহলে একজন ড্রীম প্রজেক্ট কর্মী আপনার সাথে যোগাযোগ করবেন এবং আপনাকে পরবর্তী সেশনে আসতে নিমন্ত্রণ করবেন। ঐ সময় আমরা একটা অনুমোদন পত্রের ব্যাপারে বিস্তারিত আলোচনা করব এবং আপনার অংশগ্রহণের অনুমতি নেব।

## আমি যদি প্রোগ্রামে অংশ নিতে মতামত দিয়ে পরে না করতে চাই , তাহলে কি হবে?

আপনার অংশগ্রহণ সম্পূর্ণ আপনার ইচ্ছার উপর। যাই হোক , আমারা উপদেশ দেই যেন সকল অংশগ্রহণকারী প্রতিটা সেশনে উপস্থিত থেকে ডায়বেটিস নিয়ন্ত্রণের যতটুকু সম্ভব সাহায্য গ্রহণ করবেন।

## আপনি কেন বাংলাদেশীদের প্রতি মনোযোগ দিচ্ছেন?

আমাদের রিসার্চে দেখা গেছে যে নিউ ইয়র্কে বসবাসকারী প্রতি চারজন বাংলাদেশীর মধ্যে একজনের ডায়বেটিস আছে। ডায়বেটিস নিয়ন্ত্রণ করা যায় এবং জীবনযাত্রায় সামান্য পরিবর্তন এনে স্বাস্থ্যসম্মত সুখি জীবন যাপন করা যায়। ডায়বেটিস এর উচ্চ হার থাকা সত্ত্বেও এটি নিরূপণে বা নিবারণে আমাদের নিয়ে খুব কম রিসার্চ বা কার্যক্রম গ্রহন করা হয়েছে। ড্রিম প্রজেক্ট যুক্তরাষ্ট্রে বাংলাদেশীদের নিয়ে প্রথম প্রজেক্ট।